দৈনিক ইনকিলাব

242

তারিখ ... NOV 0 9 1999 ...
পৃষ্ঠা ১ ... কলাম ৬ ......

ক্যাম্পাসে ছাত্রদলের দিনভর মিছিল সমাবেশ

# ছাত্ররা রাস্তায় নেমে পড়েছে সংগ্রামের আগুন সারাদেশে ছড়িয়ে দেয়া হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (সোমবার) হরতালের সমর্থনে ও হরতাল চলাকালে বিএনপি নেতা আব্দুল্লাহ আল-নোমান, সাদেক হোসেন খোকা এবং জয়নাল আবেদীন ফারুক এমপি'র ওপর পুলিশের গুলী বর্ষণের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনভর কয়েক দফা মিছিল ও সমাবেশ করে।

হরতালের সমর্থনে ছাত্র দলের মিছিলটি গতকাল সকালে মধুর কেন্টিন থেকে শুরু হয়ে ক্যাম্পাসসহ বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে টিএসসি চত্বরে এক সমাবেশে মিলিত হয়। দুপুরে বিএনপি নেতৃবৃন্দের ওপর পুলিশ গুলী বর্ষণ করে গুরুতর আহত করার খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে ছাত্রদল নেতা-কর্মীরা বিক্ষুব্ধ হয়ে উঠে এবং পুনরায় বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস, টিএসসি, শাহবাগ, দোয়েল চত্বর ও নীলক্ষেত প্রদক্ষিণ করে। এ সময় পুলিশ বিভিন্ন স্থানে ছাত্রদলের মিছিলে বাধা দেয়।

৫-এর পাতায় দেখুন

## ছাত্রদল

প্রথম পৃষ্ঠার পর

পুলিশী বাধা উপেক্ষা করে ছাত্রদলের মিছিল এগিয়ে যায়। মিছিল শেষে টিএসসি সড়ক দ্বীপে পুনরায় সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-ই-এলাহী, মোজাফফর হোসেন জাকির, তরিকুল ইসলাম বনি, এস এম নূরুজ্জামান, আজীজুল বারী হেলাল, রকিবুল ইসলাম বকুল, হাসান জাকির তুহিন, এ বি এম মোশাররফ হোসেন, সুলতান সালাউদ্দিন টুকু, এম এ হাশেম রাজু, শফিউল বারী বাবু প্রমুখ।

সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, সরকারী মহলে তোলপাড় শুরু হয়ে গেছে। বেগামাল সরকার তাই দেশবরেণ্য নেতৃবৃন্দের ওপর পুলিশ ও দলীয় সন্ত্রাসী বাহিনী লেলিয়ে দিয়ে ক্ষমতায় টিকে থাকার সুখ-স্বপ্ন দেখছে। নেতৃবৃন্দ বলেন, প্রতিবাদী ছাত্রসমাজ আজ রাস্তায় নেমে পড়েছে। এই আন্দোলনের মাধ্যমে রাজপথেই এই দুঃশাসনের ফয়সালা করা হবে ইনশাআল্লাহ। ছাত্রদল নেতৃবৃন্দ বিএনপি'র নেতৃবৃন্দের ওপর পুলিশের গুলী বর্ষণের নিন্দা জানিয়ে বলেন।